গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

**ভূমি সংস্কার বোর্ডের এপ্রিল, ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | এ.জে.এম. সালাহ্ উদ্দিন নাগরী<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ২৩ এপ্রিল, ২০২৬ খ্রিঃ। |
| সভার সময় | বেলা ১১: ০০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- 'ক' তে সংযুক্ত |

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) জনাব শ্রাবণী রায় কে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার আহ্বান জানানো হয়। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | সংস্থাপন জনবল, নিয়োগ ও পদোন্নতি | ভূমি সংস্কার বোর্ডের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের শূন্য পদে পদোন্নতি ও সরাসরি নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সদস্য (প্রশাসন) মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শাখা-১ (প্রশাসন) |
| (২) | বাজেট ও অডিট আপত্তি | ভূমি সংস্কার বোর্ডের অডিট আপত্তিসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপ-ভূমি সংস্কার কমিশনার-২ সভাকে অবহিত করেন যে, রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক আনীত ২০২২-২৩ অর্থবছরের ০১টি SFI অডিট আপত্তির জবাব সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর ১১-০৩-২০২৬ তারিখে ৯৯ নং স্মারকে নিষ্পত্তির জন্য প্রেরণ করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরের উক্ত অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ভূমি মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| (৩) | ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন | (ক) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণের পরিদর্শন বিষয়ে আলোচনা হয়। ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণকে ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে প্রমাপ অনুযায়ী পরিদর্শন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণকে ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে প্রমাপ অনুযায়ী পরিদর্শন করতে হবে। | (ক)<br>উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)/ ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) জ্বালানি ব্যয় হ্রাসকল্পে অনলাইনে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করার জন্য চেয়ারম্যান মহোদয় উৎসাহ প্রদান করেন। পরীক্ষামূলক অনলাইন পরিদর্শনের জন্য উপ-ভূমি সংস্কার কমিশনার, রংপুর বিভাগ, রংপুর এবং উপ-ভূমি সংস্কার কমিশনার-৩ কে একটি করে অনলাইন পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল দেয়ার জন্য চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (খ) পরীক্ষামূলক অনলাইন পরিদর্শনের জন্য উপ-ভূমি সংস্কার কমিশনার, রংপুর বিভাগ, রংপুর এবং উপ-ভূমি সংস্কার কমিশনার-৩ কে একটি করে অনলাইন পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।<br>জনাব মোঃ শরিফুজজামান, উপ-ভূমি সংস্কার কমিশনার-৩ চৌহালীর এসি ল্যান্ড অফিস অনলাইনে পরিদর্শনের জন্য চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (খ)<br>উপ-ভূমি সংস্কার কমিশনার, রংপুর বিভাগ, রংপুর এবং উপ-ভূমি সংস্কার কমিশনার-৩ |
| (৪) | ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ এবং আদায় | (ক) সভায় ২০২৫-২৬ অর্থবছরে ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায় অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) ২০২৫-২৬ অর্থ বছরে ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায় অগ্রগতি এবং গত অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে। | (ক)<br>সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ |
| | | (খ) সংস্থার দাবি আদায়ের লক্ষ্যে বিভিন্ন সংস্থার দপ্তরসমূহের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন করার জন্য ভূমি সংস্কার বোর্ডের শাখা ভিত্তিক দায়িত্ব বন্টন করার বিষয়ে আলোচনা হয়। | (খ) সংস্থার দাবি আদায়ের লক্ষ্যে বিভিন্ন সংস্থার দপ্তরসমূহের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন করোর জন্য ভূমি সংস্কার বোর্ডের শাখা ভিত্তিক দায়িত্ব বন্টন করতে হবে। | (খ)<br>সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ |
| | | (গ) আগামী ০৬-০৫-২০২৬ তারিখের পর বিভিন্ন সংস্থার দপ্তর প্রধান বরাবর সংস্থার দাবি আদায়ের জন্য চেয়ারম্যান কর্তৃক ডিও পত্র জারি করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | (গ) আগামী ০৬-০৫-২০২৬ তারিখের পর সংস্থার দপ্তর প্রধান বরাবর সংস্থার দাবি আদায়ের জন্য চেয়ারম্যান কর্তৃক ডিও পত্র জারি করতে হবে। | (গ)<br>সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ |
| (৫) | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ কার্যক্রম চলমান রাখতে নির্দেশনা প্রদান করা হয়। | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। | আইটি শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| (৬) | বিবিধ | (ক) অনলাইনে মিউটেশন কার্যক্রম আরো বেগবান করার লক্ষ্যে অটোমেশন প্রকল্পের একজন প্রতিনিধির পাশাপাশি একজন টেকনিক্যাল রিসোর্স পারসন আগামী সমন্বয় সভায় উপস্থিত থাকবেন মর্মে আলোচনা করা হয়। | (ক) অনলাইনে মিউটেশন কার্যক্রম আরো বেগবান করার লক্ষ্যে অটোমেশন প্রকল্পের একজন প্রতিনিধির পাশাপাশি একজন টেকনিক্যাল রিসোর্স পারসন আগামী সমন্বয় সভায় উপস্থিত থাকবেন। | (ক) অটোমেশন প্রকল্প |
| | | (খ) সভায় ভূমি সংস্কার বোর্ডের প্রত্যেক শাখা প্রধান প্রতি ০৩ মাস অন্তর স্ব স্ব শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান বরাবরে দাখিল করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও আগামী ৩০-০৪-২০২৬ তারিখ রোজ বৃহস্পতিবারের মধ্যে স্ব স্ব শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান বরাবরে দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়। | (খ) প্রত্যেক শাখা প্রধানকে প্রতি ০৩ মাস অন্তর স্ব স্ব শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান মহোদয় বরাবর দাখিল করবেন। আগামী ৩০-০৪-২০২৬ তারিখ রোজ বৃহস্পতিবারের মধ্যে স্ব স্ব শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান বরাবরে দাখিল করবেন। | (খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| | | (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার গণ বিগত ০৫(পাঁচ) বছরে কতগুলো পরিদর্শন হয়েছে তার তথ্য দিবেন। | বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ বিগত ০৫(পাঁচ) বছরের পরিদর্শন বিষয় তথ্য দিবেন। | (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল) |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম আরো গতিশীল ও জনবান্ধব করার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেন। অতঃপর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



১০-০৫-২০২৬
এ.জে.এম. সালাহ্ উদ্দিন নাগরী
চেয়ারম্যান
ফোন : ০২৪১০১০৪৪৩
ইমেইল : chairman@lrb.gov.bd

নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১১.০৯.০০০১.২৩.২২৪

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩৩ / ১০ মে ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
২। সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা)।
৩। প্রকল্প পরিচালক, ভূমি অটোমেশন প্রকল্প, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।

৪। উপ-ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। ।
৫। উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল বিভাগ)।
৬। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
৭। সহকারী ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। ।
৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
৯। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। ।
১০। প্রশাসনিক কর্মকর্তা, (সকল)।

১১-০৫-২০২৬
শ্রাবণী রায়
সহকারী ভূমি সংস্কার কমিশনার